B.A/4th Sem (H)/BENG/23(CBCS)

# 2023

## 4th Semester Examination

## BENGALI (Honours)

### Paper : C 8-T

### (উনিশ ও বিশ শতকের নাট্য ও কথা সাহিত্যের ইতিহাস এবং ছোটগল্প পাঠ)

[CBCS]

Full Marks : 60 Time : Three Hours

*The figures in the margin indicate full marks. Candidates are required to give their answers in their own words as far as practicable.*

### বিভাগ - ক

যে কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাও। ২×১০=২০

১। বাংলা নাট্যসাহিত্যে প্রথম সার্থক ঐতিহাসিক ট্র্যাজেডি কোন্‌টি? নাটকটির কাহিনি উৎস উল্লেখ করো।

২। বাংলা নাটকের ইতিহাসে পথিকৃৎ হিসেবে রামনারায়ণ তর্করত্নের একটি কৃতিত্বের কথা লেখো।

৩। গিরিশচন্দ্রের লেখা দুটি কৌতুক নাটকের নাম ও প্রকাশকাল উল্লেখ করো।



V-4/84 - 5600

৪। জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরের লেখা 'দায়ে পড়ে দারগ্রহ' কী ধরনের নাটক? নাটকটি কোন্ নাটককারের কোন্ নাটকের অনুবাদ?

৫। মনোজ মিত্রের নাটক রচনার দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

৬। বঙ্কিমচন্দ্রের লেখা ইংরেজি উপন্যাসটির নাম কী? এটি কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?

৭। 'যুগলপ্রসাদ', 'কুন্তা', 'দোবরুপান্না' — এই চরিত্রগুলি কার লেখা কোন্ উপন্যাসের চরিত্র? উপন্যাসটি কত সালে প্রকাশিত হয়?

৮। মহাশ্বেতা দেবীর প্রথম প্রকাশিত উপন্যাস কোন্‌টি? এটি কত সালে গ্রন্থাকারে প্রকাশিত হয়?

৯। 'হিতবাদী' এবং 'সাধনা' পত্রিকায় প্রকাশিত রবীন্দ্রনাথের দুটি করে গল্পের নাম উল্লেখ করো।

১০। 'তিনসঙ্গী' গল্পগ্রন্থটি কে লিখেছিলেন? এই গ্রন্থের অন্তর্গত গল্পগুলির নাম লেখো।

১১। 'সাহিত্যে ছোটগল্প' গ্রন্থটি কার লেখা? তাঁর লেখা দুটি গল্পের নাম লেখো?

১২। সমরেশ বসুর লেখা প্রথম ছোটগল্প কোন্‌টি? গল্পটি কোন্ প্রেক্ষাপটে রচিত?

১৩। তারিণী মাঝি কোন্ নদী পারাপার করত, তার সহকারী মাঝির নাম কী? সে কী কাজ করত?

১৪। 'কেষ্ট আবার একটা নূতন ক্লাব স্থাপন করিয়াছে' — পুরোনো ক্লাবটির নাম কী ছিল? নতুন ক্লাবটির নাম কী? সেখানে সদস্য কারা?

১৫। 'তারপর জলের শব্দে আপনার চমক ভাঙবে।'— উদ্ধৃতিটি কোন্ গল্পে আছে? চমক ভেঙে কী দেখা যাবে?

## বিভাগ - খ

যে কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাও। ৫×৪=২০

১৬। ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদের পৌরাণিক নাটকগুলি সম্পর্কে আলোচনা করো।

১৭। বাংলা নাটকের ধারায় বাদল সরকারের কৃতিত্ব নিরূপণ করো।

১৮। বাংলা উপন্যাসের ইতিহাসে মহাশ্বেতা দেবীর স্বাতন্ত্র্য উল্লেখ করো।

১৯। ছোটগল্পকার জ্যোতিরিন্দ্র নন্দীর বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

২০। 'এমন পরিবর্তন সাধারণত সকলের সম্ভব নহে'। — কার পরিবর্তনের কথা বলা হয়েছে? তার পরিবর্তনের পরিচয় দাও।

২১। 'তারিণী মাঝি' গল্পটির শিল্পমূল্য বিচার করো।

## বিভাগ - গ

যে কোনো *দু'টি* প্রশ্নের উত্তর দাও। ১০×২=২০

২২। বাংলা নাট্যসাহিত্যে দীনবন্ধু মিত্রের অবদান আলোচনা করো।

২৩। ঔপন্যাসিক তারাশংকর বন্দ্যোপাধ্যায়ের কৃতিত্বের মূল্যায়ন করো।

২৪। ছোটগল্প রচনায় বনফুলের স্বাতন্ত্র্য আলোচনা করো।

২৫। 'ফসিল' গল্পটির নামকরণের সার্থকতা বিচার করো।

---